

নারদীয় পুরাণে

“কলৌ প্রথমসন্ধ্যায়াং লক্ষ্মীকান্তো ভবিষ্যামি।
 সন্ন্যাসঃ গৌরবিগ্রহ সান্ত্বায় পুরুষোত্তমে।।”
 স্বয়ং এর কার্যে জন্মে ব্রহ্ম ইন্দ্রে ভ্রম।
 কভু নাহি হয় তার গর্ভেতে জনম।।
 শচীগর্ভে অবতীর্ণ হইল প্রকাশ।
 ভারতীর কাছে যবে লইল সন্ন্যাস।।
 ‘হা কৃষ্ণ’ বলিয়া প্রেমে হইল বিভোর।
 ভারতী কোপিন দিল আর দিল ডোর।।
 কি মন্ত্র দিবেন তাই ভারতী ভেবেছে,
 বলেন গৌরঙ্গ প্রভু ভারতীর কাছে।।
 “স্বপনে পেয়েছি মন্ত্র গুরু তোমা কই”।
 ভারতী বলেন “সন্ন্যাসের মন্ত্র অই”।।
 সন্ন্যাস গ্রহণ হ’লে নামান্তর লাগে।
 ‘কি নাম রাখিব?’ গুরু ভেবেছেন যোগে।।
 হেনকালে শূন্য-বাণী কহে থেকে শূন্য।
 রাখহ নিমা’র নাম ‘শ্রীকৃষ্ণচৈতন্য’।।
 সেই কালে নিত্যবস্ত্র হৈল আবির্ভূত।
 নৈলে কেন দণ্ড ভাঙ্গে নিতাই অবধুত।।
 এইভাবে আবির্ভূত মিশামিশি হয়।
 অবতারে নিত্যযোগ নাহিক সংশয়।।
 নাটু আর বিশ্বনাথে এ লীলা দেখিয়া।
 হরি বলি বাহুতুলি উঠিল নাচিয়া।।
 ঠাকুর বলেন ‘শুন ওরে ব্রজনাথ।’
 যা’বি না থাকিবি তুই আমাদের সাথ?’
 ব্রজনাথ বলে আমি আর কোথা যাব?
 প্রাণ থুয়ে কোথা গিয়ে এ দেহ জুড়াব?
 রসনা বাসনা করে ব্রজনাথ সঙ্গ।
 ব্রজনাথ শান্তিনাথ দৌঁহে এক অঙ্গ।।



সফলানগরী ‘বারের’ শক্তি আকর্ষণ

সফলানগরে হ’ল ‘বার’ আবির্ভাব।
 ধন্য ধন্য বলিয়া হইল জনরব।।
 শনিবার আর যে মঙ্গলবার হ’লে।
 ঠাকুর বসিত ঝোঁকে ঝোঁকে হেলে দুলে।।
 প্রাতঃসূর্য মত হ’ত ঠাকুরের মুখ।
 কত লোক গিয়া তথা দেখিত কৌতুক।।
 প্রাতঃ হ’তে প্রহরেক থাকিত তেমন।
 সকলে করিত হরিনাম সংকীর্তন।।
 ব্যাধিযুক্ত লোক যত সেইখানে যেত।
 মুখের বাক্যেতে সব আরোগ্য করিত।।
 অসীম ক্ষমতাশালী সেই ‘বার’ ‘মানি’।
 সফলানগরে হয় জয় জয় ধ্বনি।।
 হরিচাঁদ বলে “ব্রজ! চল মোরা যাই।
 কেমন কিসের ‘বার’ দেখে আসি তাই”।।
 তাহা শুনি ব্রজনাথ সঙ্গেতে চলিল।
 দুই প্রভু একত্র হইয়া চলে গেল।।
 ‘বারের’ ঠাকুর মধ্যে লোক চতুঃপার্শে।
 দুই প্রভু উপনীত হেনকালে এসে।।
 যখনে শ্রীহরিচাঁদ উপনীত হ’ল।
 প্রাতঃসূর্য-বর্ণ মুখ বিবর্ণ হইল।।
 দিবসে উঠিলে চন্দ্র হীনপ্রভাবর্ণ।
 শ্রীহরিদর্শনে তেন্নি সে ‘বার’ বিবর্ণ।।
 ছিল যে ঠাকুর-মুখ প্রাতঃসূর্য বর্ণ।
 মুখ হ’তে বাহিরিল সে জ্যোতিঃসম্পূর্ণ।।
 চতুঃপার্শ্বে লোক সব করিল দর্শন।
 হরিচাঁদ অঙ্গে জ্যোতিঃ হৈল আকর্ষণ।।
 চুম্বকে চুম্বকে দিয়া লৌহ টেনে লয়।
 মেঘে সৌদামিনী যথা হ’ল তার প্রায়।।
 ঠাকুরের জ্যোতিঃ হরিচাঁদেতে মিশিল।
 ব্রজনাথে লয়ে হরি নিজালয় গেল।।